

সংবাদ

কৃষি বিশ্ববিদ্যালয়ে কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় (নয়মনসিংহ) : ডাইস চ্যাম্পেলর প্রফেসর মু. মুস্তাফিজুর রহমান বলেন, নতুন জ্ঞান সৃষ্টি মানুষকে আনন্দ দান করে। কৃষি বিজ্ঞানীদের সিদ্ধান্ত যদি সঠিক হয় তাহলে গবেষণার কাঙ্ক্ষিত ফলাফল পাওয়া সম্ভব।

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় রিসার্চ সিস্টেম (বাউরেস) ও বাংলাদেশ এগ্রিকালচারাল রিসার্চ কাউন্সিল (বিএআরসি) এবং ইন্টারন্যাশনাল মেইজ এক হুইট ইমপ্রুভমেন্ট সেন্টার (সিআইএমএমওআইটি) যৌথ উদ্যোগে টিএসসির কনফারেন্স রুমে আয়োজিত বাংলাদেশ কান্ট্রি আদমানাক শীর্ষক দিনব্যাপী এক ট্রেনিং ওয়ার্কশপে প্রধান অতিথির ভাষণে ডাইস চ্যাম্পেলর মুস্তাফিজুর আরও বলেন, বৃহত্তর জনগোষ্ঠীর স্বার্থে যেকোন আধুনিক গবেষণার ক্ষেত্রে তথ্য ও উপাত্ত সংগ্রহের পর গবেষণার মাধ্যমে সঠিক সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। বিশেষ করে কৃষি ক্ষেত্রে বনিভরতা অর্জনের জন্য এ ধরনের গবেষণা একান্ত অপরিহার্য।

বাউরেস পরিচালক প্রফেসর ড. মো. শাহজাহানের সভাপতিত্বে উদ্বোধনী অধিবেশনে অন্যদের মধ্যে বক্তব্য রাখেন জিটিআই পরিচালক প্রফেসর ড. এম মোজাহার আলী, সিআইএমএমওআইটি প্রতিনিধি ড. আবদুর রাক্কাক এবং বিএআরসি প্রতিনিধি আনোয়ার ইকবাল।

সেমিনার অনুষ্ঠিত

সমন্বিত বালাই দমন ব্যবস্থাপনায় অস্ট্রেলিয়ার তুলা উৎপাদনের লাভজনক দিক শীর্ষক একদিনের এক আন্তর্জাতিক সেমিনার ১৫ই এপ্রিল বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়ে অনুষ্ঠিত হয়।

কৃষি অর্থনীতি ও গ্রামীণ সমাজ বিজ্ঞান অনুষ্ঠানের আওতাধীন সেমিনার কমিটির উদ্যোগে অনুষ্ঠিত সভাকক্ষে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সেমিনার উদ্বোধন করেন বিশ্ববিদ্যালয়ের ডাইস চ্যাম্পেলর প্রফেসর মু. মুস্তাফিজুর রহমান। সভাপতিত্ব করেন অনুষ্ঠানীয় ডিন প্রফেসর ড. মো. আব্দুল বাসার।

সেমিনার মূল প্রবন্ধ উপস্থাপন করেন অস্ট্রেলিয়ান কটন রিসার্চ ইনস্টিটিউটের রিসার্চ ইকোনমিস্ট জিয়াউল হুক।

অন্যদের মধ্যে বক্তব্য রাখেন সেমিনার কমিটির আহ্বায়ক প্রফেসর ড. আর. কে. ভাদকদার, প্রফেসর মো. আলী জাকবর প্রমুখ।